

Yuki ga mitai desu

আমি তুষারপাত দেখতে চাই



আজকের স্ক্রিপ্ট

はる : 日本には慣れましたか。      জাপানের জীবনযাত্রায় অভ্যস্ত হয়েছেন?

হারু      Nihon ni wa narema<sup>1</sup>shita ka.

タム : はい。      হ্যাঁ

তাম      Hai.

はる : 日本でどんなことがしたいですか。      জাপানে আপনি কী করতে চান?

হারু      Nihon de do<sup>1</sup>nna koto<sup>1</sup> ga shita<sup>1</sup>i de<sup>1</sup>su ka.

タム : ええと、雪が見たいです。      ইয়ে, মানে...তুষারপাত দেখতে চাই

তাম      Eeto, yuki<sup>1</sup> ga mita<sup>1</sup>i de<sup>1</sup>su.

ほっかいどう 北海道に行きたいです。      হোক্কাইদোও-তে যেতে চাই

Hokka<sup>1</sup>idoo ni ikita<sup>1</sup>i de<sup>1</sup>su.

ミーヤー: 北海道! いいね。      হোক্কাইদোও! দারুণ

মি ইয়া      Hokka<sup>1</sup>idoo! I<sup>1</sup>i ne.

タム : あと...友達に会いたいです。      তাছাড়া...  
আমি আমার বন্ধুর সঙ্গে দেখা করতে চাই

তাম      A<sup>1</sup>to...tomodachi ni aita<sup>1</sup>i de<sup>1</sup>su.

はる : おや?      আরে!

হারু      Oya?

ミーヤー: 大丈夫? 顔が赤いよ。      শরীর ঠিক আছে তো?  
চেহারা দেখছি লাল হয়ে উঠেছে?

মি ইয়া      Daijo<sup>1</sup>obu? Kao ga akai yo.

শব্দার্থ

日本      জাপান

Nihon

雪      তুষার

yuki

どんな      কী ধরনের

do<sup>1</sup>nna

見る      দেখা

mi<sup>1</sup>ru

する      করা

suru

会う      সাক্ষাত করা, দেখা করা

a<sup>1</sup>u

মূল বাক্য

ゆき み 雪が見たいです。

Yuki' ga mita'i de'su.

তুষারপাত দেখতে চাই

আপনি কোনকিছু করতে চান, এরূপ অভিব্যক্তি জাপানিতে প্রকাশ করতে হলে ক্রিয়াপদের মাস্-রূপ থেকে “-মাস্” অংশটি বাদ দিয়ে তার পরিবর্তে জুড়ে দিন “-তাই”। যেমন “মিরু” অর্থাৎ “দেখা” ক্রিয়াটির মাস্-রূপ হল “মিমাস্”, আর এখান থেকে “তাই-রূপ” গঠন করলে হবে “মিতাই”, মানে “দেখতে চাই”। এসব ক্ষেত্রে কর্মপদ অর্থাৎ কাঙ্ক্ষিত বস্তুটির সঙ্গে “ও” অথবা “গা” পার্টিকেল ব্যবহার করতে হবে।

আসুন চর্চা করি!


日本で何がしたいですか。

Niho'n de na'ni ga shita'i de'su ka.

ラーメンが食べたいです。

Ra'amen ga tabeta'i de'su.

জাপানে আপনি কী করতে চান?  
আমি রামেন নুডলস খেতে চাই



এটাও চেষ্টা করি!

～たいです。 ～তে চাই

～ta'i de'su.

① 金閣寺

Ki'inkakuji

কিংকাকুজি বৌদ্ধ মন্দির

行きます (行く)

ikima'su (iku)

যাওয়া

② 浴衣

yukata


ইউকাতা

(গ্রীষ্মকালের কিমোনো)

買います (買う)

kaima'su (kau)

কেনা



বোনাস বাক্য

大丈夫?

Daijo'obu?

(আপনার) কোন অসুবিধে নেই তো?

কারো ব্যাপারে আপনি যত্নশীল হতে চাইলে এই কথাটি বলুন। আরও মার্জিত ভঙ্গিতে কথাটি হবে “দাইজোওবু দেস্ কা?”



হারু-সানের পরামর্শের কুলি

## জাপানের গৃহ


জাপানের বাড়িগুলোতে জাপানি-ধাঁচের এবং পশ্চিমা-ধাঁচের উভয় প্রকার রুম থাকে। জাপানি-ধাঁচের ঘরের মেঝেতে শনের তৈরী ঐতিহ্যবাহী তাতামি মাদুর বিছানো থাকে। তাতামি মাদুরে বসে লেখাপড়া বা কাজ করার জন্য জলচোকির মত নিচু টেবিল এবং মেঝেতে রাখা কোলবালিশ বা কুশন ব্যবহার করা হয়। শোয়ার সময় লোকজন তাতামির উপরে ফুতোন নামের তোশক বিছিয়ে ব্যবহার করেন।

জাপানি-ধাঁচের রুম



পশ্চিমা-ধাঁচের ঘরগুলোতে মেঝেতে কাঠ অথবা কার্পেট বিছানো থাকে, এবং লোকজন টেবিল, চেয়ার, সোফা, খাট ইত্যাদি বিভিন্ন আসবাবপত্র ব্যবহার করেন। জাপানের বাড়িঘরে আজকাল পশ্চিমা-ধাঁচের রুমের প্রচলন বেশি দেখা যায়। তবে অনেক বাড়িতে উভয় প্রকার রুম থাকে।

পশ্চিমা-ধাঁচের রুম



ফুতোন ম্যাট্রেস



উত্তর

- ① 金閣寺に行きたいです。  
② 浴衣が買いたいです。

Ki'nkakuji ni ikitai de'su.

Yukata ga kaitai de'su.